**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বাফেলোতে সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের প্রকল্পের জন্য 57 মিলিয়ন ডলারের আপগ্রেডের ঘোষণা করেন

***ম্যাককার্লি গার্ডেন্স অ্যাপার্টমেন্টসের উল্লেখযোগ্য পুনর্বাসন 149টি স্বল্প আয়ের পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি সংরক্ষণ করবে, জ্বালানি দক্ষতা ও নিরাপত্তা উন্নত করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ বাফেলোর শহরতলীতে 57 মিলিয়ন ডলার ব্যয়ে একটি আবাসন সম্প্রদায়ের নির্মাণ কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন। ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টসের (McCarley Gardens Apartments) পুন:সংস্কার শক্তির দক্ষতা উন্নত করবে এবং সার্বিক জীবনযাত্রার মান সমৃদ্ধ করবে 149টি পরিবারের জন্য, ভাড়া সাশ্রয়ী রাখার সাথে সাথে।

"আমরা অক্লান্তভাবে নিউ ইয়র্ক স্টেট জুড়ে অত্যন্ত প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন প্রসারিত করার জন্য কাজ করছি, এবং এই নতুন আবাসনের আপগ্রেড বাফেলোর সম্প্রদায়কে শক্তিশালী করতে সাহায্য করবে এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদে এবং ধারাবাহিকভাবে বাস করতে দেবে," **গভর্নর হোকল বলেন।** "ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টসের মত প্রকল্পগুলি আমার প্রশাসনের আধুনিক ও সাশ্রয়ী গৃহ প্রদান করার এবং বাফেলো ও তার বাইরে কঠোর পরিশ্রমী পরিবরদের জন্য আরো বেশি সমৃদ্ধ ভবিষ্যতের উদ্দেশ্যে গড়ে তোলার অঙ্গীকারবদ্ধতার এক মূল অংশ।"

আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করার জন্য ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টস (McCarley Gardens Apartments) হল গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার একটি অংশ। এই বছর, রাজ্য 100,000টি সাশ্রয়ী মূল্যের এবং 6,000টি সহায়তা পরিষেবাগুলি সহ বাড়ি তৈরি এবং সংরক্ষণের তার বর্তমান আবাসনের পরিকল্পনার লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রস্তুত। 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছরের আবাসনের পরিকল্পনার প্রস্তাবনা সহ গভর্নর হোকল এই সফল প্রচেষ্টার উপর ভিত্তি করে তৈরি করছেন যেটি নিউ ইয়র্ক জুড়ে শহুরে ও গ্রামীণ এলাকাগুলিতে আরো 100,000টি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে 10,000টি হবে সহায়তার পরিষেবা সহ।

ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টসে 21টি টাউনহোম-স্টাইলের ভবন রয়েছে যা 1978 সালে নির্মিত হয়েছিল যেগুলির এখন উন্নতির প্রয়োজন। পুনর্বাসন প্রকল্পের অংশ হিসেবে ক্যাম্পাসে চারটি অতিরিক্ত দ্বিতল টাউনহোম ভবন নির্মাণ করা হবে।

কাজ সম্পূর্ণ হলে, উন্নয়নটি 27টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট, 94টি তিন-বেডরুমের অ্যাপার্টমেন্ট এবং 28টি চার-বেডরুমের অ্যাপার্টমেন্ট প্রদান করবে। 149টি অ্যাপার্টমেন্টের সবগুলি এরিয়া মিডিয়ান আয়ের 60 শতাংশ বা তার নিচে আয়ের পরিবারগুলির জন্য সাশ্রয়ী মূল্যের।

সংস্কারের সুযোগের মধ্যে আপগ্রেড করা যন্ত্রপাতি, ফিক্সচার, ক্যাবিনেট এবং কাউন্টারটপ সহ নতুন রান্নাঘর স্থাপন অন্তর্ভুক্ত থাকবে; নতুন কম প্রবাহের বাথরুম ফিক্সচার থাকবে; এবং কসমেটিক আপগ্রেড থাকবে যার মধ্যে নতুন মেঝে এবং নতুন পেইন্ট অন্তর্ভুক্ত। সাইটের কাজের মধ্যে ঝড় এবং নর্দমার লাইন প্রতিস্থাপন, পার্কিং এলাকাগুলির সংস্কার, নতুন ফুটপাত এবং ল্যান্ডস্কেপিং অন্তর্ভুক্ত থাকবে।

শক্তির দক্ষতা উন্নত করতে, প্রতিটি ভবন আপগ্রেড করা নিরোধক, নতুন জানালা, এনার্জি স্টার-রেটেড যন্ত্রপাতি এবং প্রয়োজনে উচ্চ-দক্ষতা সম্পন্ন বয়লার এবং গরম জলের হিটার পাবে। সংস্কারের ফলে সামগ্রিক শক্তির ব্যবহার প্রায় 29 শতাংশ হ্রাস পাবে বলে আশা করা হচ্ছে। আবাসিক সুবিধাগুলির মধ্যে রয়েছে বাসিন্দাদের জন্য বিনামূল্যে পার্কিং, একটি খেলার মাঠ এবং একটি 900 বর্গফুটের কমিউনিটি রুম।

ম্যাককার্লে গার্ডেনস ক্যাম্পাসটি বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাস এবং বাফেলোর কেন্দ্রীয় ব্যবসায়িক জেলার সংলগ্ন এবং এটি বাফেলোর অপরিহার্য কর্মীদের তাদের কর্মস্থলের হাঁটার দূরত্বের মধ্যে উচ্চ মানের, সাশ্রয়ী মূল্যের আবাসনের বিকল্প পরিবেশন করবে।

উন্নয়ণের দলে রয়েছে সেন্ট জনস ব্যাপটিস্ট চার্চ (St. John's Baptist Church), BFC পার্টনারস (BFC Partners) এবং সিনাট্রা অ্যান্ড কোং. রিয়েল এস্টেট (Sinatra and Co. Real Estate)। রাজ্যের অর্থায়নের মধ্যে রয়েছে স্থায়ী কর-মুক্ত বন্ডে 10.2 মিলিয়ন ডলার, ফেডারেল নিম্ন আয়ের আবাসনের ট্যাক্স ক্রেডিট যা 24.3 মিলিয়ন ডলার ইক্যুইটিতে তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে ভর্তুকি বাবদ 9 মিলিয়ন ডলার। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) সমর্থন হিসেবে 94,500 ডলার প্রদান করবে। অধীনস্থ ঋণ এবং বিলম্বিত ডেভেলপারের ফি এর মাধ্যমে অতিরিক্ত অর্থায়ন প্রদান করা হচ্ছে।

**HCR কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন,** "একটি আরও ন্যায়সঙ্গত নিউ ইয়র্ক তৈরি করা সাশ্রয়ী মূল্যের আবাস এবং একটি ভালো বাড়ি প্রদান করতে পারে এমন অনেক সুযোগের অ্যাক্সেস সম্প্রসারণের মাধ্যমে শুরু হয়। ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টে এই 57 মিলিয়ন ডলারের বিনিয়োগের মাধ্যমে, আমরা সেই 149টি পরিবারের জন্য একটি স্বাস্থ্যকর, নিরাপদ এবং আরও আরামদায়ক জীবনযাপনের পরিবেশ তৈরি করছি যারা কম শক্তির বিল, আপগ্রেড করা সুবিধা এবং শহরতলীতে পরিবহনের সহজ অ্যাক্সেস দ্বারা উপকৃত হবেন। সেন্ট জনস ব্যাপটিস্ট চার্চ সহ বাফেলোর ধর্ম-ভিত্তিক সম্প্রদায়ের সাথে আমাদের অংশীদারিত্ব শহর জুড়ে মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং প্রয়োজনীয় পরিষেবাগুলি প্রদান করার জন্য

আমাদের প্রচেষ্টায় সহায়ক হয়েছে। আমরা তাদের সমর্থনের জন্য, এবং গভর্নর হোকলের মতো একজন নেতার জন্য কৃতজ্ঞ যিনি বোঝেন যে বিদ্যমান আবাসনের উন্নয়নগুলিকে রক্ষা করা এবং সংরক্ষণ করা আবাসনের নিরাপত্তাহীনতাকে সর্বকালের জন্য শেষ করার জন্য অপরিহার্য।"

**ডোনাল্ড ক্যাপোকিয়া, BFC পার্টনার্সের (BFC Partners) প্রিন্সিপাল বলেন,** "আমরা আজ এই অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শুরু করতে পেরে রোমাঞ্চিত। ম্যাককার্লি গার্ডেনস চল্লিশ বছরেরও বেশি সময় ধরে বাফেলো সম্প্রদায়ের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে থেকেছে এবং সেন্ট জন্সের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, আমরা নিশ্চিত করতে পারি যে এটি যেন দীর্ঘ সময়ের বাসিন্দাদের এবং ভবিষ্যতের পরিবারগুলিকে সাশ্রয়ী মূল্যের ভাড়ার মাধ্যমে আগামী বহু প্রজন্মের জন্য পরিষেবা প্রদান করে চলে। আমরা ম্যাককার্লি গার্ডেন্সের বাসিন্দাদের কথা শোনার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এই সম্প্রদায়-চালিত প্রকল্পে তাদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

**ডোরিন এম. হ্যারিস, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং সিইও বলেন,** "ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টের আপগ্রেডগুলি হল নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস প্রদানের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ যা ধারাবাহিকভাবে বজায় রাখা যে এমন ব্যবস্থাগুলি অন্তর্ভুক্ত করে - শক্তি দক্ষ যন্ত্রপাতি থেকে বিল্ডিং শেলের উন্নতি এবং পরিচ্ছন্ন সৌর শক্তি সহ - যা বায়ুর গুণমান উন্নত করবে এবং বাসিন্দাদের জন্য খরচ হ্রাস করবে। NYSERDA এই প্রকল্পকে তার কাজ শুরু করতে দেখে এবং আমরা আরাম বাড়াতে এবং নির্গমন কমাতে আমাদের বিদ্যমান ভবনগুলিকে পুনর্বাসন করতে পারি তা প্রদর্শন করতে পেরে, সেই সাথে নতুন নির্মাণটি জলবায়ু-অনুকূল এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাক্সেসযোগ্য তা নিশ্চিত করতে পেরে আনন্দিত।"

**কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স বলেছেন,** "সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস প্রসারিত করা এবং বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে বাফেলো এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পরিশ্রমী মানুষদের জন্য। এটি ক্রমবর্ধমান সংখ্যক স্থানীয় প্রকল্পগুলির মধ্যে একটি যা ফেডারেল স্বল্প-আয়ের ট্যাক্স ক্রেডিট ব্যবহার করে মানসম্পন্ন, যুক্তিসঙ্গত মূল্যের জীবনযাত্রার বিকল্পগুলি প্রদান করে যা শক্তিশালী পরিবার এবং একটি প্রাণবন্ত সম্প্রদায় গঠন করতে অবদান রাখতে সহায়তা করে।"

**সিনেটর টিম কেনেডি বলেন,** "নিউ ইয়র্ক সাশ্রয়ী মূল্যের অর্জনযোগ্য এবং টেকসই মডেল উভয় ধরনের আবাসনের সুযোগগুলিতে বিনিয়োগ করতে অঙ্গীকারবদ্ধ। আমি ম্যাককার্লি গার্ডেনসের ব্যাপক পুনর্বাসনকে অগ্রসর হতে দেখে আনন্দিত, এবং এই সম্প্রদায়-চালিত প্রকল্পটি দীর্ঘকালের বাসিন্দাদের এবং আগামী প্রজন্ম উভয়ের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে দেখার জন্য উন্মুখ।"

**NYS অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "বাফেলোর ইস্টসাইডে ম্যাককার্লি গার্ডেনের জন্য 56 মিলিয়ন ডলারের পুনর্বাসন দীর্ঘ সময়ের জন্য বিলম্বিত এবং শহরের বাসিন্দাদের জন্য আধুনিক সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করবে, যা আমাদের সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের প্রতিশ্রুতির একটি উজ্জ্বল দৃষ্টান্ত হিসাবে কাজ করবে। আমি BFC পার্টনারস, সেন্ট জন ব্যাপ্টিস্ট চার্চ (St. John Baptist Church), সিনাট্রা অ্যান্ড কোম্পানি (Sinatra & Co), এবং সম্প্রদায়ের অংশীদারদের সাধুবাদ জানাই যাদের নেতৃত্ব এই সম্প্রদায়-চালিত প্রকল্পটিকে বাস্তবে পরিণত করতে অবদান রেখেছে।"

**এরি কাউন্টির নির্বাহী আধিকারিক মার্ক পোলোনকার্জ বলেন,** "সাশ্রয়ী মূল্যের আবাসন আমাদের অর্থনীতি এবং আমাদের সম্প্রদায়ের জন্য গুরুত্বপূর্ণ এবং শহরের প্রাণশক্তিতে অবদান রাখে। ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্টসে এই 57 মিলিয়ন ডলারের বিনিয়োগ বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাসের (Buffalo Niagara Medical Campus) কাছাকাছি অবস্থিত সেই বাসস্থানগুলিকে আপগ্রেড এবং আধুনিকীকরণ করবে এবং শক্তি দক্ষতার উন্নতির সাথে সাথে সাইটে আরও আবাসন যোগ করবে।"

**মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "এটি একটি অসাধারণ প্রকল্প যা বাফেলো শহরে আরও আকর্ষণীয়, নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট তৈরি করার জন্য আমার প্রশাসনের অব্যাহত প্রচেষ্টার উপর ভিত্তি করে গড়ে তোলে। শহর সিটি বাফেলো আরবান রিনিউয়াল এজেন্সির (Buffalo Urban Renewal Agency) মাধ্যমে প্রায় 1 মিলিয়ন ডলার দিয়ে ম্যাককার্লি গার্ডেনস অ্যাপার্টমেন্ট প্রকল্পে অবদান রাখতে পেরে আনন্দিত। আমি উন্নয়নের দলকে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং সম্প্রদায় পুনর্নবীকরণকে (New York State Homes and Community Renewal) তাদের ভবিষ্যতের কল্পনা এবং বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই এই ফ্রুটবেল্ট এলাকার আবাসন উন্নয়নের সম্প্রসারণ ও আধুনিকীকরণের জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418